তারিখ 09 OCT 1991
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক বাংলা

115

অস্ত্রসহ গ্রেফতার ১৭

# চট্টগ্রাম পলিটেকনিকে হল দখল নিয়ে সংঘর্ষ ঃ ২০ জন আহত

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ৮ই অক্টোবর ।—আজ সকাল নটায় চট্টগ্রাম পলিটেনিক ইনস্টিটিউটে দু'দল ছাত্রের মধ্যে এক রক্তক্ষয়ী সংঘর্ষে প্রায় ২০ জন আহত হয়েছে। পুলিশ ১৭ জনকে অস্ত্রসহ গ্রেফতার করেছে। বাকি বিল্লাহ (২৪) ও নাসিরউদ্দিন (২২)কে চট্টগ্রাম হলি ক্রিসেন্ট হাসপাতালে মারাত্মক আহত অবস্থায় ভর্তি করা হয়েছে।

জানা গেছে, আজ সকালে ইসলামী ছাত্র শিবির কর্মীরা ক্যাম্পাসে অস্ত্রশস্ত্র নিয়ে হল দখল করার উদ্দেশে অগ্রসর হয় এবং কিছু বোমা নিক্ষেপ করে। এতে বেশ কিছুসংখ্যক ছাত্র আহত হয়। (৪-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম পলিটেকনিকে

(প্রথম পৃঃ পর)

পুলিশ জানায়, ১২ জন শিবির কর্মীকে দু'টি পাইপগানসহ ক্যাম্পাস থেকে গ্রেফতার করা হয়েছে। এরপর সকাল ১০টায় পাহাড়ের মধ্য দিয়ে পালানোর সময় পুলিশ আরো ৫ জনকে গ্রেফতার করে।

ইসলামী ছাত্র শিবির কর্মীরা এসময় রাস্তায় ব্যারিকেড সৃষ্টি করে। পুলিশের ধাওয়া খেয়ে তারা ষোলশহর ২ নম্বর গেটে ছাত্র সমাবেশে মিলিত হয়। সেখান থেকে দলের কয়েকজন কেন্দ্রীয় নেতাকে গ্রেফতার করা হয়েছে বলে শিবির কর্মীরা দাবী করে। ক্যাম্পাসের পরিস্থিতি এখন উত্তেজনাপূর্ণ।

বিকাল ৫টায় ছাত্র শিবির এই ঘটনার প্রতিবাদে চট্টগ্রাম প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। তারা ছাত্রদল নামধারী কিছু-সংখ্যক দুষ্কৃতকারীকে এই ঘটনার জন্য দায়ী করে।

শিবির আগামীকাল চট্টগ্রাম মহা-নগরীর সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট আহবান এবং ২ নম্বর গেটে এক প্রতিবাদ সমাবেশের কর্মসূচী ঘোষণা করেছে।